**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/20/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ফার্ম-টু-স্কুল মাস চলাকালীন ক্ষুধা ও খাদ্য নীতিমালার বিষয়ে সদ্য আনুষ্ঠানিক কাউন্সিলের কার্যক্রমকে হাইলাইট করেছেন

***নতুন অনুমোদিত গ্রুপটি সফলভাবে পুনর্গঠনের পরে দ্বিতীয় সভার আয়োজন করে যা গভর্নরের কাছে রিপোর্টের জন্য সুপারিশগুলো চূড়ান্ত করে***

***নিউ ইয়র্কের স্কুলগুলোতে আরো বেশি পরিমাণ স্থানীয় খাবার পরিবেশনের জন্য এবং খাদ্য নিরাপত্তাহীনতার বিরুদ্ধে লড়াই করার জন্য স্টেটের বাড়তি কর্মসূচি কাউন্সিলের কাজকে সমর্থন করে***

ফার্ম-টু-স্কুল মাস (Farm-to-School Month) চলাকালীন গভর্নর ক্যাথি হোকল আজ ক্ষুধা ও খাদ্য নীতিমালার বিষয়ে স্টেটের পুনরুজ্জীবিত কাউন্সিলের কার্যক্রমগুলো তুলে ধরেন যা সম্প্রতি প্রবিধানে আনুষ্ঠানিকভাবে রূপান্তরিত হয়েছে এবং সরকারিভাবে স্টেটকে স্কুলের খাবারে স্বাস্থ্যকর এবং স্থানীয়ভাবে উৎপাদিত খাবারের ব্যবহার বাড়ানো, পিছিয়ে পড়া কমিউনিটিগুলোতে খাদ্য সংশ্লিষ্ট অ্যাক্সেস সম্প্রসারিত করা এবং কৃষি উৎপাদন ও প্রক্রিয়াকরণ কার্যক্রমকে উৎসাহিত করার উপায়গুলোর বিষয়ে সুপারিশ প্রদানের জন্য গভর্নর কর্তৃক চার্জ করা হয়েছে। কাউন্সিলের কার্যক্রমগুলো অতিরিক্তভাবে গভর্নরের অগ্রাধিকারগুলোকে সমর্থন করে ও নিউ ইয়র্কের খাদ্য সরবরাহ শৃঙ্খলের স্থিতিস্থাপকতাকে বজায় রাখে এবং নিউ ইয়র্কের পিছিয়ে থাকা পরিবারগুলোর জন্য নিউ ইয়র্কের আরো স্থানীয় খাবার নিয়ে আসে এমন অনেক স্টেটীয় উদ্যোগকে এগিয়ে নেয়।

"যদিও আমরা কোভিড-19 মহামারির তাৎক্ষণিক সংকট থেকে বেরিয়ে এসেছি তবে এর প্রভাবগুলো দীর্ঘস্থায়ী, যার মধ্যে আমাদের পরিবার, স্কুল এবং কমিউনিটির জন্য পর্যাপ্ত তাজা, স্থানীয় খাবারের অ্যাক্সেসের ঘাটতি এখনো বিদ্যমান রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কের কাউন্সিল অন হাঙ্গার অ্যান্ড ফুড পলিসি (Council on Hunger and Food Policy) এবং অন্যান্য উদ্ভাবনীমূলক কর্মসূচি যার লক্ষ্য হলো খাদ্য নিরাপত্তাহীনতার চাপ কমানো এবং আমাদের খাদ্য সরবরাহের শৃঙ্খলকে সুগম করার মাধ্যমে আমরা আমাদের কৃষি ভিত্তিক কমিউনিটিকে সমর্থন করার পাশাপাশি স্টেট জুড়ে ক্ষুধা মোকাবেলা এবং পুষ্টি কার্যক্রমকে উন্নত করতে একটি সাফল্য বয়ে আনতে পারি।"

নিউ ইয়র্কের কাউন্সিল অন হাঙ্গার অ্যান্ড ফুড পলিসি 25 স্টেকহোল্ডার এবং সরকারি সংস্থা, কৃষক, অলাভজনক সংস্থা, কৃষি কার্যক্রম, ইউনিভার্সিটি এবং খাদ্য সংশ্লিষ্ট ব্যবসায়ের প্রতিনিধি সহ বেশ কয়েকটি সহযোগী সংস্থা নিয়ে গঠিত। নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দাদের এবং স্কুলের শিক্ষার্থীদের ক্ষুধা দূর করতে এবং স্বাস্থ্যকর, স্থানীয়ভাবে উৎপাদিত খাবারের অ্যাক্সেস উন্নত করার বিষয়ে স্টেটের নীতিনির্ধারকদের দক্ষতা বাড়ানোর জন্য কাউন্সিল কাজ করে। 2007 সালে প্রতিষ্ঠার পর থেকে এটি পূর্বে কার্যনির্বাহী আদেশের অধীনে কাজ করা হয়েছিল, গভর্নর হোকল 2022 সালে নভেম্বরে কাউন্সিলকে কোডিফাই করে একটি আইনে স্বাক্ষর করেছিলেন।

ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার অ্যান্ড মার্কেটের কমিশনার রিচার্ড এ. বলের সভাপতিত্বে, কাউন্সিল গতকাল তার দ্বিতীয় বৈঠক অনুষ্ঠিত করে। কাউন্সিলের আনুষ্ঠানিকীকরণ গ্রুপের জন্য নতুন গতিকে স্বাগত জানিয়েছে, যার মধ্যে রয়েছে এর পাঁচটি কার্যকরী গ্রুপ যা আলোচনায় বাহ্যিক স্টেকহোল্ডারদের আকৃষ্ট করে এবং নিউ ইয়র্ক স্টেটের জন্য সুনির্দিষ্ট সুযোগ ও সুপারিশের ব্যাপারে কাজ করে। ওয়ার্কিং গ্রুপগুলো কাউন্সিলের সামগ্রিক মিশনের প্রতি তাদের প্রতিশ্রুতি বাড়িয়েছে, এখন প্রতি মাসে একবার মিটিংয়ের আয়োজন করে, পুরো কাউন্সিল বছর জুড়ে দুই থেকে চার বার এটির আহ্বান জানায়। পুনরুজ্জীবিত কাউন্সিলের এই কাঠামোটি সরাসরি গভর্নরের কাছে সুপারিশগুলো সরবরাহ করার জন্য একটি আদর্শ পাইপলাইন তৈরি করে এবং স্টেকহোল্ডারদের কাছ থেকে বর্ধিত সদস্য ও অংশগ্রহণ কার্যক্রমকে উৎসাহিত করেছে।

কাউন্সিলটি স্কুলের খাবারে স্বাস্থ্যকর এবং স্থানীয়ভাবে উৎপাদিত খাবারের ব্যবহার বাড়ানোর জন্য প্রতিশ্রুতিবদ্ধ। এই অগ্রাধিকারগুলোর মাধ্যমে, স্টেটের 30 শতাংশ নিউ ইয়র্ক স্টেট ইনিশিয়েটিভ প্রতিষ্ঠার সময় কাউন্সিল গুরুত্বপূর্ণ ছিল যার উদ্দেশ্য ছিল স্কুলে শিশুদের মধ্যাহ্নভোজের অংশ হিসেবে তাদের জন্য নিউ ইয়র্কে উৎপাদিত স্বাস্থ্যকর খাদ্য পণ্য সরবরাহ করা। এই উদ্যোগ স্কুলে দুপুরের খাবার প্রদান করার কর্মসূচি বাস্তবায়নের জন্য কমপক্ষে 30 শতাংশ উপাদান নিউ ইয়র্কের খামারগুলো থেকে ক্রয় করে থাকে এমন ডিস্ট্রিক্টগুলোর জন্য দুপুরের খাবারের ব্যয় পরিশোধে স্কুলগুলোকে প্রদত্ত অর্থের পরিমাণ প্রত্যেক বেলার খাবারের জন্য 5.9 সেন্ট থেকে বৃদ্ধি করে 25 সেন্টে উন্নীত করেছে। যেহেতু নিউ ইয়র্ক জুড়ে খামার এবং স্কুলগুলোকে আরো ভালোভাবে সংযুক্ত করার জন্য গভর্নর হোকলের 2022 স্টেট অব দ্য স্টেট (2022 State of the State) অঙ্গীকারের অংশ হিসেবে ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার অ্যান্ড মার্কেট প্রোগ্রামের প্রশাসনিক দায়িত্ব গ্রহণ করেছে তাই প্রোগ্রামটিতে স্কুল খাদ্য কর্তৃপক্ষের অংশগ্রহণ বৃদ্ধি পেয়েছে যা এই স্কুল বর্ষে মোট 59টি স্কুলের খাদ্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুদানের জন্য অনুমোদিত হয়েছে যেখানে গত বছরের অনুদানের থেকে অনুমোদিত 51টি থেকে বেশি।

30 শতাংশ NYS ইনিশিয়েটিভটি নিউ ইয়র্কের সফল ফার্ম-টু-স্কুল প্রোগ্রামের, উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত যা স্থানীয় কৃষি শিল্পকে শক্তিশালী করতে, শিক্ষার্থীদের স্বাস্থ্যের উন্নতি ঘটাতে এবং আঞ্চলিক খাদ্য ব্যবস্থার সচেতনতা প্রচার করতে স্থানীয় খামার এবং খাদ্য উৎপাদনকারীদের সাথে স্কুলগুলোকে সম্পৃক্ত করে। প্রোগ্রামের মাধ্যমে, বিভাগটি নিউ ইয়র্কের শিক্ষার্থীদের জন্য আরো স্থানীয়, পুষ্টিকর, ঋতু-ভিত্তিক খাবার সরবরাহে স্কুল, খামার, পরিবেশক এবং অন্যান্য সহায়ক সংস্থাকে আর্থিক, প্রযুক্তিগত এবং প্রচারমূলক সহায়তা নিশ্চিত করে। ফার্ম-টু-স্কুল প্রোগ্রামটি স্থানীয় খামার এবং খাদ্য-ভিত্তিক অর্থনীতির অর্থনৈতিক সুবিধা সম্পর্কে

জনসচেতনতামূলক প্রচারণা শুরু এবং সহজতর করতে কাউন্সিলের অগ্রাধিকারগুলোকে সমর্থন করে; স্বাস্থ্যকর তাজা খাবারের অ্যাক্সেস উন্নত করতে ভৌগলিক এবং অর্থনৈতিক প্রতিবন্ধকতাগুলো দূর করার পাশাপাশি শিশুদের সুষম পুষ্টি নিশ্চিত করে।

ক্ষুধা মোকাবেলা এবং যারা খাদ্য উৎপাদন ও সরবরাহ করে তাদের মধ্যে সেতুবন্ধন ও সহযোগিতা জোরদার করার জন্য আমার পক্ষ থেকে ধন্যবাদ, কাউন্সিলের কাজ খাদ্য নিরাপত্তাহীনতা দূরীকরণের উপর দৃষ্টি নিবদ্ধ করা স্টেটের বাড়তি অনেক প্রোগ্রামের সাথে সংযুক্ত এবং সেগুলো সমর্থন করা। এর মধ্যে রয়েছে নুরিশ নিউ ইয়র্ক (Nourish New York) প্রোগ্রাম যা আজ পর্যন্ত খাদ্য ব্যাংক এবং অন্যান্য জরুরি খাদ্য সরবরাহকারীদের স্থানীয় কৃষকদের কাছ থেকে 90 মিলিয়ন পাউন্ডের বেশি নিউ ইয়র্কের খাবার যেমন- দুধ, দই, পনির, শাকসবজি, ফল এবং আরও অনেক কিছু ক্রয় করতে সাহায্য করেছে এবং স্টেট জুড়ে কমিউনিটির কাছে 75 মিলিয়নেরও বেশি খাবার সরবরাহ করেছে। এর মধ্যে রয়েছে ফার্মার্স মার্কেট নিউট্রিশন প্রোগ্রাম এবং নতুন পরিবর্তিত FreshConnect Fresh2You ইনিশিয়েটিভ যা গভর্নর 2023 সালের বসন্তে ঘোষণা করেছিলেন। প্রোগ্রামটি সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিসট্যান্স প্রোগ্রাম (Supplemental Nutrition Assistance Program, SNAP) গ্রহণ এবং অংশগ্রহণকারী কৃষকদের বাজারে ভেটেরান্স এবং তাদের পরিবারের জন্য ক্রয় সক্ষমতা দ্বিগুণ করতে অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজঅ্যাবিলিটি অ্যাসিসট্যান্স (Office of Temporary and Disability Assistance, OTDA) এবং ডিপার্টমেন্ট অব ভেটেরান্স সার্ভিসেস (Department of Veterans' Services)-এর সাথে অংশীদারিত্ব করে।

এছাড়াও কাউন্সিলের কাজের প্রশংসা করে, 2023-2024 সালের প্রণীত স্টেটের বাজেটে বিনিয়োগের লক্ষ্য হলো নিউ ইয়র্কের কৃষি পণ্যের চাহিদা বাড়ানো, নিউ ইয়র্কের খাদ্য সরবরাহের শৃঙ্খলাকে শক্তিশালী করা এবং সকল নিউ ইয়র্কবাসীগণ তাজা, স্থানীয়ভাবে খাবারের উৎপাদন ও অ্যাক্সেস করতে সক্ষমতা অর্জন করে তা নিশ্চিত করা। এর মধ্যে রয়েছে কমিউনিটি গার্ডেন প্রোগ্রামিংয়ের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল যাতে স্টেটের পিছিয়ে থাকা এলাকায় তাজা পণ্য সামগ্রীতে অ্যাক্সেস বাড়ানোর পাশাপাশি 10 মিলিয়ন মার্কিন ডলারের ফুড অ্যাক্সেস সম্প্রসারণমূলক অনুদান প্রোগ্রাম। ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার অ্যান্ড মার্কেট এই মাসের শুরুর দিকে শিল্পের প্রয়োজনের ভিত্তিতে প্রোগ্রামটি গঠনে সহায়তা করার জন্য রিকুয়েস্ট ফর ইন্টারেস্ট (Request for Interest) ঘোষণা করেছে।

উপরন্তু, নিউ ইয়র্ক স্টেটের অনেক এজেন্সি ক্ষুধা এবং খাদ্য নিরাপত্তাহীনতা মোকাবেলার জন্য স্টেট জুড়ে ফেডারেল এবং স্থানীয় সরকারের সাথে কাজ করে। SNAP হলো OTDA-এর তত্ত্বাবধান করা এবং সামাজিক পরিষেবাগুলোর স্থানীয় বিভাগ কর্তৃক পরিচালিত একটি ফেডারেল অর্থায়িত প্রোগ্রাম। সাম্প্রতিক বছরগুলোতে, নিউ ইয়র্ক অপ্রয়োজনীয় কার্যক্রম দূর করে এবং আবেদন প্রক্রিয়াকে সহজ করে, শিশু এবং প্রাপ্তবয়স্কদের ক্ষুধা কমানোর মূল প্রতিবন্ধকতাগুলো দূর করে, সকল নিউ ইয়র্কবাসীদের জন্য সুবিধাবলি সর্বাধিক করার প্রচেষ্টা চালিয়ে যাওয়ার মাধ্যমে SNAP-কে সম্প্রসারিত করেছে।

স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (The State Department of Health, DOH) পিছিয়ে থাকা জনগোষ্ঠী, বিশেষ করে যাদের প্রায়শই প্রচুর পরিমাণ, সাশ্রয়ী, স্বাস্থ্যকর খাবার প্রাপ্তিতে সমান

অ্যাক্সেস নেই তাদের কাছাকাছি পৌঁছানোর জন্য পুষ্টি বিষয়ক প্রোগ্রামগুলো পরিচালনা করে। ওমেন, ইনফ্যান্ট অ্যান্ড চিল্‌ড্রেন (Women, Infants and Children, WIC)-এর জন্য স্পেশাল সাপ্লিমেন্ট নিউট্রিশন প্রোগ্রাম প্রতি মাসে 425,000 জনেরও বেশি অংশগ্রহণকারীদের খাদ্য সংশ্লিষ্ট চাহিদা পূরণের জন্য তৈরি করা পুষ্টিকর খাবারের একটি মাসিক ব্যবস্থা নিশ্চিত করে। অংশগ্রহণকারীগণ স্বাস্থ্যকর খাবার সম্পর্কে তাদের জ্ঞান বাড়াতে এবং WIC অনুমোদিত বিক্রেতাদের কাছে পুষ্টিকর খাদ্য সামগ্রী কেনার জন্য তাদের eWIC কার্ড ব্যবহার করার বিষয়ে পুষ্টি সম্পর্কিত মূল্যবান পরামর্শ এবং জ্ঞান অর্জন করেন। এছাড়াও, চাইল্ড অ্যান্ড অ্যাডাল্ট কেয়ার ফুড প্রোগ্রাম (Child and Adult Care Food Program) প্রতিদিন 300,000টিরও বেশি শিশু এবং প্রাপ্তবয়স্কদের ডে-কেয়ার সেটিংসে পরিবেশিত স্বাস্থ্যকর খাবার এবং স্ন্যাকস সহায়তা প্রদান করে। এই প্রোগ্রামগুলো পুষ্টি বিষয়ক নিরাপত্তা নিশ্চিত করার জন্য অপরিহার্য। WIC সম্পর্কে আরো তথ্য পাবেন.

হাঙ্গার প্রিভেনশন অ্যান্ড নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (The Hunger Prevention and Nutrition Assistance Program), নুরিশ নিউ ইয়র্ক ইনিশিয়েটিভের সাথে মিলে 400 মিলিয়নেরও বেশি জরুরি খাবারের প্রবিধানকে সমর্থন করে যা প্রায় 2,700টি জরুরি খাদ্য সংশ্লিষ্ট ত্রাণ সংস্থার নেটওয়ার্কের মাধ্যমে সরবরাহ করা হয়। এই খাবারগুলোর মধ্যে নিউ ইয়র্ক স্টেটে উৎপাদিত পণ্য এবং দুগ্ধজাত দ্রব্যের পুষ্টিগুণ অন্তর্ভুক্ত। DOH-এর হাঙ্গার প্রিভেনশন অ্যান্ড নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম সম্পর্কে আরো জানুন.

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস কমিশনার রিচার্ড বল বলেন,** "খাদ্য নিরাপত্তাহীনতা সম্পর্কে সচেতনতা বাড়াতে আমরা সারা বছর কঠোর পরিশ্রম করি এবং নিউ ইয়র্কবাসীর পুষ্টিকর, স্থানীয় খাবারের অ্যাক্সেস নিশ্চিত করার জন্য আমাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করি। কাউন্সিল অন হাঙ্গার অ্যান্ড ফুড পলিসি সম্পর্ক তৈরিতে সহায়ক ভূমিকা পালন করেছে যা বেশ কিছু সফল ফিডিং প্রোগ্রাম এবং ফার্ম-টু-স্কুল ইনিশিয়েটিভের ভিত্তি হয়ে দাঁড়িয়েছে এবং গভর্নর হোকলের নির্দেশে, নতুন, ফোকাস করা অগ্রাধিকার নিয়ে এই গোষ্ঠীটিকে আবার একসঙ্গে করতে পেরে আমরা উচ্ছ্বসিত। আমাদের কৃষকদের সহায়তা করার পাশাপাশি ক্ষুধা মোকাবেলায় স্টেটের কার্যক্রমগুলোকে কাউন্সিলের ভূমিকাকে আনুষ্ঠানিক করার মাধ্যমে, আমরা এই এলাকায় আমাদের কাজকে আরো সংগঠিত করে গড়ে তুলতে পারি এবং খাদ্য ব্যবস্থাকে শক্তিশালী করা চালিয়ে যেতে পারি।"

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ভেটেরান্স সার্ভিসেস কমিশনার ভিভিয়ানা ডিকোহেন বলেন,** "কাউন্সিল অন হাঙ্গার অ্যান্ড ফুড পলিসি (The Council on Hunger and Food Policy) হলো স্টেকহোল্ডারদের একটি গুরুত্বপূর্ণ জোট যা ক্ষুধা মোকাবেলা এবং স্থানীয়, পুষ্টিকর খাদ্যে অ্যাক্সেস নিশ্চিত করার জন্য নিবেদিত। আইনে এর সাম্প্রতিক নবায়ন নতুন গতি নিশ্চিত করেছে যার ফলে স্টেকহোল্ডারদের অংশগ্রহণ বেড়েছে। নুরিশ নিউ ইয়র্কের মাধ্যমে কাউন্সিলের কাজ স্থানীয় খামারগুলোকে সমর্থন করার এবং আমাদের ভেটেরান্স ও তাদের পরিবারগুলো সহ সকলের জন্য খাদ্যে অ্যাক্সেসযোগ্যতা নিশ্চিত করার প্রতি আমাদের প্রতিশ্রুতি প্রতিফলিত করে।"

**নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজঅ্যাবিলিটি অ্যাসিস্ট্যান্টের ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি. গুইন বলেন,** "গভর্নর হোকল স্বীকার করেছেন যে তাজা, সাশ্রয়ী মূল্যের, স্থানীয়ভাবে উৎপাদিত খাবারের সহজ অ্যাক্সেস সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য এবং মঙ্গলের জন্য কতটা গুরুত্বপূর্ণ। আমাদের এজেন্সি নিউ ইয়র্কবাসীদের তাদের মৌলিক চাহিদা পূরণে সাহায্য করতে এবং তাদের আর্থিক নিরাপত্তা ও পারিবারিক স্থিতিশীলতা উন্নয়নে তাদের ক্ষমতায়ন নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ – যেখানে উভয়টিই শক্তিশালী পরিবার এবং কমিউনিটি গঠনের মূল উপাদান। রিচার্জড কাউন্সিল অন হাঙ্গার অ্যান্ড ফুড পলিসি (Council on Hunger and Food Policy) কর্তৃক যে সহযোগিতা অব্যাহত থাকবে তা নিঃসন্দেহে সংগ্রামী পরিবার, আমাদের স্থানীয় খামার এবং স্টেট জুড়ে পিছিয়ে থাকা কমিউনিটিগুলোতে ইতিবাচক প্রভাব ফেলবে।"

**নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. জেমস ম্যাকডোনাল্ড বলেন,** "মানুষের জন্য আদর্শ, স্বাস্থ্যকর এবং সাশ্রয়ী মূল্যের খাবারের উপাদানগুলোতে ধারাবাহিক অ্যাক্সেস থাকা খুবই গুরুত্বপূর্ণ কারণ পুষ্টি হলো ভালো সামগ্রিক স্বাস্থ্যের ভিত্তি। একজন শিশুরোগ বিশেষজ্ঞ হিসেবে, আমি নিজে দেখেছি যে কিভাবে খাদ্য ও পুষ্টি বিষয়ক প্রোগ্রামগুলো অভাবগ্রস্ত মানুষের জীবন এবং চারপাশের স্বাস্থ্যকে উন্নত করে। নিউ ইয়র্ক স্টেটে খাদ্যে অ্যাক্সেস সম্প্রসারণ এবং ক্ষুধা নিবারণের জন্য এই প্রতিশ্রুতিতে অংশীদারিত্ব করার জন্য আমি গভর্নর এবং কমিশনার বলকে ধন্যবাদ জানাই।"

**স্টেট সিনেটর মিশেল হিনচে বলেন,** "ফেডারেল সেফটি নেট প্রোগ্রাম (Federal Safety Net Programs) থাকা সত্ত্বেও, কয়েক হাজার নিউ ইয়র্কবাসী ক্ষুধার সমস্যার সম্মুখীন হচ্ছে, তারা তাদের পরিবারকে খাওয়ানোর জন্য পর্যাপ্ত পুষ্টিকর খাবার নিশ্চিত করতে পারছে না এবং প্রায়শই তাদের অর্থ খাদ্য, আবাসন বা ইউটিলিটিগুলোতে বরাদ্দ করার অসম সমস্যার মুখোমুখি হচ্ছে। এসব প্রতিবন্ধকতা দূর করার ক্ষেত্রে নিউ ইয়র্ক ক্ষুধার বিরুদ্ধে লড়াইয়ে নেতৃত্ব দেবে। সিনেট কৃষি কমিটির চেয়ারম্যান হিসেবে আমার অগ্রাধিকার হলো আমাদের কৃষকদের উৎপাদিত খাদ্য সামগ্রী আমাদের স্টেট জুড়ে খাদ্য নিরাপত্তাহীনতায় ভুগছে এমন পরিবারগুলোতে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা। ক্ষুধা সম্পর্কে সচেতনতা বাড়ানো এবং স্টেটের গুরুত্বপূর্ণ প্রোগ্রাম যেগুলো সক্রিয়ভাবে খাদ্যে অ্যাক্সেস এবং খাদ্য সংশ্লিষ্ট রিসোর্সগুলোর সমন্বয়কে দৃঢ় করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বলিমেম্বার ডোনা লুপার্দো বলেন,** "গভর্নর হোকলের সমর্থনে আইনসভা, NYS কাউন্সিল অন হাঙ্গার অ্যান্ড ফুড পলিসি আইনে স্টেটের জন্য ব্যাপক ও সমন্বিত খাদ্য নীতিমালা তৈরির জন্য প্রতিষ্ঠিত। স্টেটের বাজেট থেকে বিনিয়োগ করা রিসোর্সের মাধ্যমে, নিউ ইয়র্কবাসী যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের সাথে তাজা এবং স্থানীয়ভাবে উৎপাদিত খাবারের মধ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ সংযোগ তৈরি করা হচ্ছে। এই উদ্ভাবনীমূলক প্রোগ্রামগুলো এখন আগের চেয়ে বেশি প্রয়োজন কারণ আমাদের স্টেটের সমস্ত অংশে খাদ্য নিরাপত্তাহীনতা বিরাজ করেছে। আমাদের কৃষকগণ তাদের পণ্যের জন্য নতুন বাজারে প্রবেশের মাধ্যমে উপকৃত হওয়ার পাশাপাশি ক্ষুধা মোকাবেলায় ভূমিকা রাখতে সদা প্রস্তুত রয়েছে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন